# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৬৩

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি দুনিয়াতে যাকে ভালবাসে, তার সাথে জান্নাতে যাওয়ার আশা প্রসঙ্গে

## ذِكْرُ رَجَاءِ دُخُولِ الْجِنَانِ لِلْمَرْءِ مَعَ مَنْ كَانَ يُحِبُّهُ فِي الدُّنْيَا

আরবী

أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدِ بْنِ أَبِي مَعْشَرٍ بِحَرَّانَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَمْرٍو الْبَجَلِيُّ قَالَ: حَدَّثَنَا زُهَيْرُ بْنُ مُعَاوِيَةَ عَنْ عَاصِمِ بْنِ أَبِي النَّجُودِ عَنْ زِرِّ بْنِ حُبَيْشٍ عَنْ صَفْوَانَ بْنِ عَسَّالٍ الْمُرَادِيِّ: أَنَّ رَجُلًا أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فقَالَ: يَا مُحَمَّدُ بِصَوْتٍ لَهُ جَهْوَرِيٍّ فَقُلْنَا: وَيْلَكَ اخْفِضْ مِنْ صَوْتِكَ فَإِنَّكَ قَدْ نُهيت عَنْ هَذَا قَالَ: لَا وَاللَّهِ حَتَّى أَسْمَعَهُ فَقَالَ لَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِيَدِهِ: (هَاؤُمُ) فقَالَ: أَرَأَيْتَ رَجُلًا أَحَبَّ قَوْمًا وَلَمَّا يَلْحَقْ بِهِمْ؟ قَالَ: (ذَلِكَ مَعَ مَنْ أحب.)

الراوي : صَفْوَان بْن عَسَّالٍ الْمُرَادِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني |
المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 563 | خلاصة حكم المحدث: حسن صحيح.

বাংলা

৫৬৩. সাফওয়ান বিন ‘আসসাল আল মুরাদী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে এসে তার বুলন্দ আওয়াজে বললেন: “হে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম!” আমরা বললাম: “তোমার বিনাস হোক! নিম্ন আওয়াযে বলো। কেননা এরকম আওয়াজে তাঁর সাথে কথা বলতে নিষেধ করা হয়েছে।” তখন সে ব্যক্তি বলেন: “না, আল্লাহর কসম, যতক্ষন না আমি তাঁর কাছ থেকে শুনেছি (ততক্ষন পর্যন্ত আমি আওয়ায নিচু করবো না)।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে হাত দিয়ে ইশারা করে বলেন “এদিকে আসো।” তখন ঐ ব্যক্তি বলেন: “ঐ ব্যক্তির ব্যাপারে আপনার কী অভিমত, যে ব্যক্তি একটা কওমকে ভালবাসে কিন্তু সে এখনও পর্যন্ত (আমলে) তাদের পর্যন্ত পৌঁছতে পারেনি?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “ঐ ব্যক্তি তাদের সাথেই থাকবে, যাদের সে ভালবাসে।”[1]

قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (هَاؤُمُ) أَرَادَ بِهِ رَفْعَ الصَّوْتِ فَوْقَ صَوْتِ الْأَعْرَابِيِّ لِئَلَّا يَأْثَمَ الْأَعْرَابِيُّ بِرَفْعِ صَوْتِهِ

عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَهُ الشَّيْخُ

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য “এদিকে আসো।” এর দ্বারা উদ্দেশ্য হলো বেদুঈনের আওয়াজের চেয়ে নিজের আওয়াজ বেশি উঁচু করা যাতে তাঁর আওয়াজের উপর বেদুঈনের আওয়াজে উঁচু হয়ে বেদুঈন পাপী না হন। এটি আমাদের শাইখ বলেছেন।”

## ফুটনোট

[1] আত তায়ালিসী: ১১৬৭; তিরমিযী: ৩৫৩৬।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আর রওদ্বুন নাদ্বীর: ৩৬০।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সাফওয়ান ইবনে আসসাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89028

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন